দৈনিক ইত্তেফাক

তারিখ 02 DEC 1993
পৃষ্ঠা ৩ কলাম ৭

১৪৬

আইন-আদালত

## সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির ব্যাপারে নির্দেশ

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকার তৃতীয় সহকারী জজ আদালত মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মোহাম্মদ আলাউর রহমান গংকে বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি বা সাধারণ সম্পাদক হিসাবে কোন

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## সরকারী মাধ্যমিক

(৩য় পৃঃ পর)

কাজ না করার জন্য নির্দেশ দিয়াছেন।

উল্লেখ্য, আলহাজ্ব আবদুল জলিল ও মোহাম্মদ মতিউর রহমানকে যথাক্রমে বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির চেয়ারম্যান ও সাধারণ সম্পাদক করিয়া একটি কমিটি গঠন করা হয়। আলহাজ্ব আবদুল জলিল ও মোহাম্মদ মতিউর রহমান উক্ত কমিটিকে বৈধ কমিটি হিসাবে ঘোষণার প্রার্থনা করিয়া মোহাম্মদ আলাউর রহমান গং-এর বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন। সেই সাথে তাহারা আলাউর রহমান গং যাহাতে বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সীল, প্যাড, ব্যানার ও অফিস ব্যবহার করিতে না পারেন সেই উদ্দেশ্যে নিষেধাজ্ঞা জারির মাধ্যমে বিরত রাখার প্রার্থনা করিয়া একটি পৃথক আবেদনপত্র পেশ করেন।

উভয় পক্ষের শুনানি শেষে ঢাকার তৃতীয় সহকারী জজ হুমায়ুন কবির সম্প্রতি এক রায়ে মোহাম্মদ আলাউর রহমান গংকে বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি বা সাধারণ সম্পাদক হিসাবে কোন কাজ করা হইতে বিরত রাখিয়া এক নিষেধাজ্ঞার আদেশ প্রদান করেন।

বাদী পক্ষে মামলা পরিচালনা করেন আসম নুরুল হক। বিবাদী পক্ষে ছিলেন মোহাম্মদ মোহসীন হোসেন।